ডাটাবেজ হতে পারে আপনার ক্যারিয়ার

নেটওয়ার্কিং খুব ভাল লাগে। আবার প্রোগ্রামিংয়েও আগ্রহ আছে। এমনটি যদি হয় আইটির ক্যারিয়ার বেছে নেবার ক্ষেত্রে আপনার প্রাথমিক দ্বিধা-তাহলে সম্ভবত ডাটাবেজই আপনার ক্যারিয়ার।

ডাটাবেজ ক্যারিয়ার গড়তে হাতে-কলমে প্রশিক্ষণ নেয়া জরুরী

ডাটাবেজ শব্দটার সাথে যারা পরিচিত-তারা অন্তত এটুকু জানেন ডাটাবেজগুলো ডাটা সংরক্ষণে বিশেষ পদ্ধতি ব্যবহার করে এবং ডাটা খুঁজে বের করার জন্য একাধিক সার্চিং মেথড দিয়ে থাকে। আর বর্তমানের ডাটাবেজগুলোর সবগুলোই নেটওয়ার্কিং উপযুক্ত হওয়ায় ডাটাবেজগুলোতে নেটওয়ার্কিং বিষয়ক কাজও থাকে প্রচুর।

বর্তমানে ডাটাবেসে ক্যারিয়ার গড়তে চাইলে ওরাকল, মাইক্রোসফট সিকুয়েল সার্ভার এবং হাল আমলের ফ্রি ডাটাবেজ মাইসিকুয়েল-এর কোন একটিকেই বেছে নিতে হবে আপনার। ওরাকল ডাটাবেজটি ডাটাবেজ লিডার ওরাকল কর্পোরেশনের তৈরী এবং বর্তমানে ডাটাবেজ হিসেবে শীর্ষস্থান দখল করে আছে। ওরাকলে ডাটাবেজ প্রফেশনাল হতে চাইলে বেশ কয়েকভাবেই তা হওয়া যায়। আর এ বিষয়ে আমাদের দেশে বই যেমন প্রচুর পাওয়া যায়-তেমনি ট্রেনিং সেন্টারও আছে পর্যাপ্ত। আর বিশ্ববাজারে ওরাকল ডাটাবেজ প্রফেশনালদের চাহিদাও রয়েছে প্রচুর এবং তাদের বেতনও বেশ আকর্ষণীয়।

জনপ্রিয়তার দিক থেকে বর্তমানে মাই সিকুয়েলের অবস্থান প্রথমে হলেও এটি মূলত ওয়েব বেইজ ডাটাবেজ হিসেবে সর্বাধিক ব্যবহৃত হচ্ছে। এ বিষয়ে বর্তমানে দেশে-বিদেশে প্রচুর ডাটাবেজ প্রফেশনালের চাহিদা রয়েছে। আর তাদের বেতনও বেশ ভালো।

সফটওয়্যার জায়েন্ট মাইক্রোসফটের সিকুয়েল সার্ভার এক্ষেত্রে পিছিয়ে থাকলেও এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সিকুয়েল সার্ভারের ব্যবহারসহ এ বিষয়ে ডাটাবেজ প্রফেশনালদের বেশ চাহিদা রয়েছে। এবং অন্যান্যদের মতই সিকুয়েল সার্ভার প্রফেশনালদের বেতনও বেশ আকর্ষণীয়।

ডাটাবেজ প্রফেশনাল হিসেবে বেশ অনেক ধরনের কাজ করা সম্ভব।

ডাটাবেজ অপারেটর, ডাটাবেজ ডেভেলপার এবং ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর হলো ডাটাবেসের প্রধান তিনটি পদ। ডাটাবেজ অপারেটররা মূলত ডাটাবেসের এনভায়রনমেন্টে অপারেটর হিসেবে কাজ করেন। ডাটাবেসের সিকুয়েল ল্যাঙ্গুয়েজ ব্যবহার করে ডাটা ইনসার্ট, আপডেট, ডিলিট ও সার্চ করাই ডাটাবেজ অপারেটরদের মূল কাজ। ডিজাইন ডাটাবেজ ডেভেলপাররা মূলত ডাটাবেজও তৈরী করেন। ডাটাবেসের বিভিন্ন প্রোগ্রামিংয়ের মাধ্যমে ডাটার ভ্যালিডিটি চেকিংয়ের ব্যবস্থা করাও ডাটাবেজ ডেভেলপারদেরই দায়িত্ব।

ডাটাবেজ অ্যাডমিনিস্টেটরদের মূলত দায়িত্ব ডাটাবেজ ইনাটল করা এবং নেটওয়ার্কে ডাটাবেসের এক্সেস নিশ্চিত করা। তাছাড়া নিয়মিত ডাটার ব্যাকআপ নেয়া এবং প্রয়োজনমত ব্যাকআপকৃত ডাটা রিস্টোর করার মত ডাটার রক্ষণাবেক্ষণের কাজটিও ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটরদেরকেই করতে হয়। যে কোন ডাটাবেজই হোক কিংবা যেকোন পদই হোক ডাটাবেজ প্রফেশনালদের প্রয়োজন হবে এই শতকের সব আইটি সেক্টরে।

আর পেশা হিসেবে ডাটাবেজকে বেছে নিতেও গণিতে অত্যাধিক দক্ষ হওয়া কিংবা ব্যবসা সম্পর্কিত প্রচুর জ্ঞান থাকার প্রয়োজন নেই। শুধু প্রয়োজন হবে সাধারণ বুদ্ধিমত্তার এবং তার উন্মেষে প্রচুর পরিশ্রমের। আর তাতেই আপনি হতে পারবেন আইটি সেক্টরের একটি গুরুত্বপূর্ণ পেশারজীবি।

❑ তথ্য প্রযুক্তি ডেস্ক

চীনে সার্চ ইঞ্জিন নিষিদ্ধ!

প্রযুক্তি বিশ্ব

যুক্তরাষ্ট্রভিত্তিক ওয়েব পোর্টাল গুগলি (www. google.com) সার্চ ইঞ্জিন হিসেবে সারা বিশ্বে বেশ জনপ্রিয়। গুগলি চীনা ভাষায় ওয়েব সাইট খোজার সুবিধা দিয়ে থাকে বিধায় চীনেও এটি দারুন জনপ্রিয়। কিন্তু সম্প্রতি সরকারী ঘোষণার মাধ্যমে চীনে গুগলিকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এর কারণ হিসেবে জানাগেছে যে আগামী নভেম্বরে চীনের ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টির কংগ্রেস অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ সময় পার্টির নেতৃত্বেও পরিবর্তন, আসতে পারে। তাই এই মহূর্তে গুগলির সাহায্যে ইন্টারনেটে যে কোন সরকারবিরোধী প্রচারণা বা বিভ্রান্তিকর তথ্য মানুষের মাঝে উত্তেজনার সৃষ্টি করতে পারে বলেই সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। সর্বশেষ খবরে জানাগেছে গত ৭ই আগস্ট থেকে আরো একটি সার্চ ইঞ্জিন আলতা ভিসতাও চীনে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

নোকিয়া ভিডিও মোবাইল ফোন বাজারে আসছে

পৃথিবীর সর্ববৃহৎ মোবাইল ফোন নির্মাতা নোকিয়া ক্রেতাদের কথা চিন্তা করে রঙিন পর্দায় দুটি ভিন্ন মডেলের মোবাইল ফোন বাজারে ছাড়তে যাচ্ছে। নোকিয়ার মোবাইল ফোনের নতুন দুটি মডেল হলো ৩৫১০ আই এবং ৩৫৬০। এর মধ্যে ৩৫৬০ মডেলে থাকছে বিল্ট-ইন ডিজিটাল ক্যামেরা ও ক্যামকর্ডার সুবিধা। বড় রঙিন পর্দাসহ-এ যন্ত্রটির আকার চশমা রাখার খাপের সমান। এর ওজন দাঁড়াবে ৪.৫৫ আউন্স।

এই মোবাইল ফোনে আরো থাকছে জিএসএম নেটওয়ার্ক। ফলে এটি পাঁচটি মহাদেশে একই সঙ্গে কাজ করবে। নোকিয়া সংবাদ সম্মেলনে আরো জানায়, ৩৫৬০ মডেলটিতে ক্যামকর্ডার থাকায় চলচ্চিত্র ধারণ করা সম্ভব। পাশাপাশি ভিডিও প্লেয়ার ও অন্যান্য প্রযুক্তির কারণে এর ব্যবহারকারী তাৎক্ষণিকভাবে ইন্টারনেট থেকে ভিডিও ফাইল কপি করে তা দেখতে পারবেন।

মানবতার জন্য ওরা তিনজন

তিনটি বড় এবং জনপ্রিয় ইন্টারনেট ভিত্তিক কোম্পানী মাইক্রোসফট এমএসএন সিস্টেম ইয়াহু এবং এওএল আমেরিকান রেড ক্রসের সাথে একত্রিত হয়ে মানুষকে রক্তদান বিষয়ে সচেতন করে তোলার লক্ষ্যে একমাসব্যাপী এক বিশেষ প্রচারণা অভিযান শুরু করেছে। Together, we can save a life নামের এই প্রচারণায় মানুষকে রক্তদানের প্রয়োজনীয়তা, রক্তদানের নিয়মকানুন এবং কোথায় রক্তদান করা যায় সে বিষয়ে সচেতন করে তোলা হবে। আমেরিকার রেড ক্রস জানিয়েছে শুধুমাত্র আমেরিকাতেই প্রতি দুই সেকেন্ডে একজন মানুষের রক্তের প্রয়োজন হয়, যা সারা বিশ্বে আরো অনেক বেশী। কাজেই তাদের এই প্রচারণা সারা বিশ্বের অনেক মানুষের জীবন বাচাতে ভূমিকা রাখবে বলে তারা মনে করেন।

উইন্ডোজের নতুন মিডিয়া প্লেয়ার

বিল গেটস গত ৪ সেপ্টেম্বর হলিউডে টাইটানিক খ্যাত ডিরেক্টর জেমস ক্যামেরণকে সাথে নিয়ে মাইক্রোসফট এর নতুন মাল্টিমিডিয়া সফটওয়্যার উইন্ডোজ মিডিয়া ৯ এর একটি প্রাথমিক ভার্সন উদ্বোধন করেছেন। কয়েকশত অতিথির উপস্থিতিতে মাইক্রোসফট চেয়ারম্যান বিল গেটস ঘোষণা করেন যে, ইন্টারনেট মিডিয়া থেকে শুরু করে হোম এন্টারটেইনমেন্টের ক্ষেত্রে এটি হবে একটি মাইলস্টোন। এতে যে টেকনিক্যাল উন্নতি ঘটানো হয়েছে, তাতে অনলাইন ভিডিও এখন হয়ে দাড়াবে টিভি কোয়ালিটির। বিল গেটস জানি-য়েছেন, এই সফটওয়্যারটি তৈরীতে তিন বছর সময় লেগেছে এবং এতে ৫০০ মিলিয়ন ইউএস ডলার ব্যয় করা হয়েছে। –তথ্যপ্রযুক্তি ডেস্ক